"শেখ হাসিনার মূলনীতি গ্রাম ও শহরের উন্নতি"
**শেখ হাসিনার মূলমন্ত্র**

# উপজেলা পরিষদ
তিতাস, কুমিল্লা

## জুম অ্যাপস মাধ্যমে অনুষ্ঠিত জানুয়ারি, ২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:
(সভা নম্বর: ৩৭)

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: পারভেজ হোসেন সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা। |
| সভার তারিখ | : | ১২ জানুয়ারি, ২০২৩ |
| সময় | : | সকাল: ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ হলরুম, তিতাস, কুমিল্লা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | অনলাইন জুম অ্যাপস |

সভাপতি জুম অ্যাপে সংযুক্ত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কাজ ও উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের সার্বিক বিষয় নিয়ে আলোচনা করেন। সরকারের উন্নয়ন ধারা অব্যাহত রাখতে স্ব স্ব অবস্থান থেকে যথাযথ ভূমিকা পালনের জন্য সকল দপ্তর/বিভাগের প্রধানকে আহবান জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে জনাব এ.টি.এম. মোর্শেদ, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, তিতাস, কুমিল্লা অদ্য সভার কার্যপত্র উপস্থাপন করেন এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

০৩। সভার কর্মসূচি অনুযায়ী বিভাগ ভিত্তিক নিম্নবর্ণিত আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়;

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | ডিসেম্বর, ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের উপর সংশোধনী বা মন্তব্য সম্পর্কে মতামত চাওয়া হয়। উক্ত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী বা মন্তব্য উথাপিত হয়নি। | ডিসেম্বর, ২০২২ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী বিনা সংশোধনীতে দৃঢ়ীকরণ করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২।উপজেলা নির্বাহী অফিসার |
| ২. | <u>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা:</u> জনাব মো: পারভেজ হোসেন সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা সভায় জানান যে, তিতাস উপজেলার ভিটিকান্দি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান জনাব আবু মোল্লার ছেলে যুব নেতা জনাব মো: জহিরুল ইসলামকে নির্মমভাবে হত্যা করা হয়। উক্ত হত্যার বিষয়ে স্থানীয় ইউপি চেয়ারম্যান জনাব বাবুল মিয়া একটি লিখিত বক্তব্য দাখিল করেন। উক্ত লিখিত বক্তব্যের আলোকে এবং ইউপি চেয়ারম্যানগণ জনপ্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করায় তাদেরকে যেন অযথায় হয়রানী না করা হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলের নিকট পত্র প্রেরণ করা হবে। উক্ত বিষয়টি উপজেলা আইন-শৃঙ্খলা কমিটিতে উপস্থাপনের জন্যও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। | তিতাস উপজেলার ভিটিকান্দি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান জনাব আবু মোল্লার ছেলে যুব নেতা জনাব মো: জহিরুল ইসলামকে নির্মমভাবে হত্যার বিষয়ে স্থানীয় ইউপি চেয়ারম্যান জনাব বাবুল মিয়ার লিখিত বক্তব্যটি উপজেলা আইন-শৃঙ্খলা কমিটিতে উপস্থাপনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ৩. | <u>উপজেলা নির্বাহী অফিসার, তিতাস, কুমিল্লা :</u> উপজেলা নির্বাহী অফিসার, তিতাস, কুমিল্লা সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প হচ্ছে আশ্রয়ণ প্রকল্প। উক্ত প্রকল্পের মাধ্যমে ভূমিহীন ও গৃহহীনদের মাঝে খাসজমি বরাদ্দসহ ঘর নির্মাণ চলমান আছে। শোলাকান্দি আশ্রয়ন প্রকল্পের কাজ দ্রুত চলছে। প্রাকৃতিক দুর্যোগ বা অনাকাঙ্খিত দুর্ঘটনায় কোথাও কোন কাজ করা হলে সাথে সাথে কাজ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হয়। কাল-ক্ষেপন না করে দ্রুত সময়ের মধ্যে আপনাদের টাকা পরিশোধ করে দিব। প্রতি মাসে টার্গেট অনুযায়ী জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হলো। | ক) আশ্রয়ণ প্রকল্পের ঘরগুলোর নির্মাণ কাজ সার্বিকভাবে তদারকি অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br>খ) জন্ম-মৃত্যু নিবন্ধন প্রতি মাসে টার্গেট অনুযায়ী কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হলো।<br>গ) প্রাকৃতি দুর্যোগসহ যে কোন অনাকাঙ্খিত কারণে কোন কাজ করার প্রয়োজন হলে দ্রুত সময়ের মধ্যে কাজটি করে বিল দাখিলের জন্য সকল ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪. | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস: ভাইস-চেয়ারম্যান জনাব মো: ফরহাদ আহমেদ ফকির সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরের রাজস্ব উন্নয়ন তহবিলের আমার দেয়া একটি প্রকল্পের নাম ভুল হয়েছে তা সংশোধন করা প্রয়োজন। | ২০২২-২৩ অর্থবছরের রাজস্ব উন্নয়ন তহবিলের সঠিক প্রকল্পের নাম উপজেলা প্রকৌশলী, তিতাস, কুমিল্লার নিকট দাখিল করার জন্য ভাইস-চেয়ারম্যান, তিতাস উপজেলা পরিষদকে অনুরোধ করা হলো। | ১। ভাইস-চেয়ারম্যান<br>২। উপজেলা প্রকৌশলী |
| ৫. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, আমার বদলির অর্ডার হয়ে গেছে। আমি যে কোন সময় চলে যাব। তিতাস উপজেলা ডিসেম্বর, ২২ মাসে কোভিড, ১৯ এ কোন রোগী সনাক্ত হয়নি। ১ম ডোজ ও ২য় ডোজ টিকা কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে। ৩য় ও ৪র্থ ডোজ চলমান আছে। ৩য় ডোজ নেয়ার ৪ মাস পর ৪র্থ ডোজ টিকা যে কোন বয়সের লোক নিতে পারবে। অন্যান্য দাপ্তরিক কাজ চলমান আছে। | যারা ৪র্থ ডোজ টিকা নিতে আগ্রহ আছে তাদেরকে ৩য় ডোজ গ্রহণের ৪ মাস অতিবাহিত হয়েছে সে সকল লোকদের টিকা গ্রহণের বিষয়ে আহবান করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৬. | উপজেলা কৃষি অফিস: উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, তিতাস উপজেলায় পর্যাপ্ত সার মজুদ আছে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা রয়েছে "এক ইঞ্চি আবাদী জমিও খালি রাখা যাবেনা"এই নির্দেশনার আলোকে এবং জেলা প্রশাসক কুমিল্লা মহোদয়ের দিকনির্দেশনা মোতাবেক সকল সরকারী প্রতিষ্ঠানের ও শিক্ষা প্রতিষ্ঠানের অনাবাদি পতিত জমিসহ সকল পতিত জমি আবাদের আওতায় আনার জন্য কাজ করছে কৃষি বিভাগ। অন্যান্য দাপ্তরিক কাজ চলমান আছে। | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা "এক ইঞ্চি আবাদী জমিও খালি রাখা যাবেনা"এই নির্দেশনার আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, টিআর/কাবিখার ১ম পর্যায়ের ৫০% অর্থ ছাড় করা হয়েছে। অবশিষ্ট কাজ সমাপ্ত হলে বাকী অর্থ ছাড় করা হবে। ২য় পর্যায়ের প্রকল্প এবং প্রকল্প কমিটি দাখিল করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হলো। প্রকল্প এবং প্রকল্প কমিটি পাওয়া সাপেক্ষে ২য় পর্যায়ের অর্থ ছাড় করা হবে। তিতাস উপজেলায় শীতার্থদের মাঝে কম্বল বিতরণের জন্য বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের কম্বল পাওয়া সাপেক্ষে জানানো হবে। বিধি মোতাবেক সকলের কাছে পৌছে দেয়া হবে। অন্যান্য দাপ্তরিক কাজ চলমান আছে। | ক) টিআর/কাবিখার ১ম পর্যায়ের অবশিষ্ট কাজ দ্রুত সমাপ্তসহ ২য় পর্যায়ের প্রকল্প এবং প্রকল্প কমিটি দাখিল করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হলো।<br><br>খ) শীতার্থদের মাঝে কম্বল বিতরণের লক্ষে প্রাপ্ত বরাদ্দ দ্বারা দ্রুত সময়ের মধ্যে কম্বল সরবরাহের জন্য জেলায় যোগাযোগ করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর: সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ক) মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের Small Water Scam এর ৩৮টি প্রকল্পের বরাদ্দ পাওয়া গেছে। নামের তালিকা পাওয়া সাপেক্ষে কাজ শুরু হবে এবং এর মাধ্যমে ৩০/৪০টি পরিবারকে Pipe Line এর মাধ্যমে বিশুদ্ধ পানি সুবিধা দেয়া যাবে। মাননীয় সংসদ সদস্য, উপজেলা চেয়ারম্যান ও ইউপি চেয়ারম্যানদের নামের তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।<br>খ) মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের Large Water Pipe Line (Overhead Tank) বরাদ্দ পাওয়া যায়। এটি স্থাপন করার জন্য ৭/১০ শতাংশ ব্যাক্তিগত জমি প্রয়োজন। উক্ত জমি উপজেলা চেয়ারম্যান মহোদয় দিবেন মর্মে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। জমি পাওয়া সাপেক্ষে কাজ শুরু করা হবে। এছাড়াও দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | ক) মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের Small Water Scam এর জন্য নামের তালিকা দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।<br>খ) মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের Large Water Pipe Line (Overhead Tank) স্থাপনের বিষয়ে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত জমির সাথে সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)কে দ্রুত সময়ের মধ্যে চুক্তি সম্পাদনের প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৯. | **উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি):** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, আমি এই কর্মস্থলে জানুয়ারি ২০২৩ মাসে যোগদান করেছি। আমি এই কর্মস্থলে সকলের সাথে সমন্বয় করে কাজ করতে চাই। আমি সকলের সহযোগিতা কামনা করছি। ২০২২-২৩ অর্থবছরে তিতাস উপজেলায় নিম্নবর্ণিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদের এডিপি ও রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল খাত হতে নির্মাণ/সংস্কার করা যেতে পারে।<br>**এডিপি খাত ২০২২-২৩ অর্থবছর:** | উপজেলা প্রকৌশলী এই উপজেলায় যোগদান করায় তিতাস উপজেলা পরিষদের পক্ষ থেকে স্বাগত জানাই। আমরা আশা করি তিতাস উপজেলার সকল উন্নয়নমূলক কাজে আন্তরিকতার সাথে কাজ করবেন এবং মাননীয় প্রধানমন্ত্রীর উন্নয়নে সহযোগিতা ভূমিকা পালন করবেন। উক্ত প্রকল্পগুলো ২০২২-২৩ অর্থবছরে এডিপি খাত হতে বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২।উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |

| নং | ইউনিয়নের নাম | প্রকল্পের নাম | টাকা |
|---|---|---|---|
| ১. | সাতানী | মঙ্গলকান্দি চৌরাস্তা হতে মোস্তফার দোকান পর্যন্ত সলিং ও সিসিকরণ | ২,০০,০০০/- |
| | | ২য় স্বরসতিরচের জসিমের বাড়ি হতে মসজিদ পর্যন্ত রাস্তা সলিং ও সিসিকরণ | ২,২৫,০০০/- |
| ২. | জগতপুর | কানাইনগর চেয়ারম্যানের বাড়ির মাদ্রাসা মেরামত | ২,২৫,০০০/- |
| | | ২য় দশানীপাড়া হযরত বেপারী বাড়ি হতে মঙ্গলকান্দি ব্রীজ পর্যন্ত রাস্তা ইটের সলিং ও সিসিকরণ | ২,০০,০০০/- |
| ৩. | বলরামপুর | দক্ষিণ আকালিয়া মো: মোজাম্মেল মেম্বারের বাড়ি হতে নদী পর্যন্ত পাইপ ড্রেন নির্মাণ | ২,০০,০০০/- |
| | | মনাইরকান্দি পূর্বপাড়া ঈদগাঁও এর বাউন্ডারী ওয়াল নির্মাণ | ২,২৫,০০০/- |
| ৪. | কড়িকান্দি | কড়িকান্দি স্টেশন হতে এমদাদুল হক ফুল মিয়ার বাড়ি পর্যন্ত সিসিকরণ | ২,০০,০০০/- |
| | | চর রাজাপুর সাহেব আলীর বাড়ি হতে ঈদগাঁও মাঠ পর্যন্ত সিসিকরণ | ২,২৫,০০০/- |
| ৫. | কলাকান্দি | কলাকান্দি ইউনিয়নের বড় মাছিমপুরে হযরত আইনুদ্দিন শাহ মাদ্রাসার প্রাচীর নির্মাণ | ২,০০,০০০/- |
| | | কলাকান্দি এলজিইডি রাস্তা হতে শেখ মীর হোসেনের বাড়ি পর্যন্ত রাস্তা সলিংসহ সিসিকরণ | ২,২৫,০০০/- |
| ৬. | ভিটিকান্দি | হরিপুর চেয়ারম্যান বাড়ির পাশে গোমতী নদীতে ঘাটলা নির্মাণ | ২,০০,০০০/- |
| | | রতনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শহীদ মিনার নির্মাণ | ১,২৫,০০০/- |
| | | রঘুনাথপুর সফিক মেম্বারের বাড়ির পুকুরে ঘাটলা নির্মাণ | ১,০০,০০০/- |
| ৭. | নারান্দিয়া | নারান্দিয়া ইউনিয়নের বিভিন্ন গ্রামে কৃষি উপকরণ হিসেবে স্প্রে মেশিন বিতরণ | ২,০০,০০০/- |
| | | নয়াকান্দি ব্রীজ হতে জয়নাল আবেদীন মেম্বারের বাড়ি পর্যন্ত সিসিকরণ | ২,২৫,০০০/- |
| ৮. | জিয়ারকান্দি | শোলাকান্দি কেন্দ্রীয় ঈদগাঁও সংলগ্ন কবরস্থান এর বাউন্ডারী ওয়াল নির্মাণ | ২,০০,০০০/- |
| | | শোলাকান্দি মেইনরোড হতে মুন্সীবাড়ি সড়ক সিসিকরণ | ২,২৫,০০০/- |
| ৯. | মজিদপুর | লালপুর এলজিইডি রাস্তা হতে খোকন মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা নির্মাণ | ২,০০,০০০/- |
| | | শাহাবুদ্দি পশ্চিমপাড়া দক্ষিণ পাশে কিতাব আলীর বাড়ি হতে উত্তর পাশে মসজিদ বাড়ি পর্যন্ত রাস্তা সলিংসহ সিসিকরণ | ২,২৫,০০০/- |
| ১০ | ভাইস-চেয়ারম্যান | তিতাস উপজেলায় কৃষকদের মাঝে স্প্রে মেশিন বিতরণ | ২,০০,০০০/- |
| | | দুধঘাটা উত্তরপাড়া কবির হোসেনের বাড়ি সংলগ্ন পুকুরে পাকা ঘাটলা নির্মাণ | ২,২৫,০০০/- |
| ১১ | মহিলা ভাইস-চেয়ারম্যান | দুর্গাপুর বায়তুন নুর জামে মসজিদ উন্নয়ন | ২,০০,০০০/- |
| | | দুর্গাপুর আ: ছালাম ভূইয়ার মসজিদ হতে দুর্গাপুর ঈদগাঁও রাস্তার সলিংকরণ | ২,২৫,০০০/- |
| ১২ | সমাজসেবা কার্যালয় | শারীরিক প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ (পিআইসি) | ১,৪৮,৭৬০/- |
| ১৩ | আনুসাঙ্গিক | উপজেলা পরিষদের আনুসাঙ্গিক ব্যয় ০.৫% | ১৪,২৪০/- |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন খাত ২০২২-২৩ অর্থবছর:** | উক্ত প্রকল্পগুলো ২০২২-২৩ অর্থবছরে রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল খাত হতে বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| নং | ইউনিয়নের নাম | প্রকল্পের নাম | টাকা |
|---|---|---|---|
| ১. | সাতানী | বারকাউনিয়া মেইন রোড হতে প্রাথমিক বিদ্যালয়ের রাস্তা সিসিকরণ (পিআইসি) | ২,০০,০০০/- |
| | | উত্তর আকালিয়া মেইন রোড হতে নদীর ঘাট পর্যন্ত ড্রেন নির্মাণ (টেন্ডার) | ৪,০০,০০০/- |
| | | মঙ্গলকান্দি ছালাম ভূইয়ার বাড়ি হতে মাদ্রাসা পর্যন্ত রাস্তা সলিংকরণ (টেন্ডার) | ৩,০০,০০০/- |
| ২. | জগতপুর | জগতপুর ইউনিয়নের জনগণের মাঝে কৃষি স্প্রে মেশিন বিতরণ (পিআইসি) | ২,০০,০০০/- |
| | | উজিরাকান্দি মান্নানের বাড়ি সংলগ্ন এলজিইডি রোড হতে শেখ ফরিদের বাড়ি পর্যন্ত রাস্তা সলিংসহ সিসিকরণ (পিআইসি) | ২,০০,০০০/- |
| | | যাত্রাবাড়ি আলাউদ্দিনের সীমানা হতে শ্রী কৃষ্ণের বাড়ি পর্যন্ত অবশিষ্ট রাস্তা ইটের সলিং ও সিসিকরণ (টেন্ডার) | ২,০০,০০০/- |
| | | জগতপুর ইউনিয়নের কেশবপুর গ্রামের তারু মিয়ার বাড়ির ঘাটলা নির্মাণ (টেন্ডার) | ৩,০০,০০০/- |
| ৩. | বলরামপুর | দুর্গাপুর বায়তুন নুর জামে মসজিদের রাস্তা সিসিকরণ (পিআইসি) | ২,০০,০০০/- |
| | | দক্ষিণ বলরামপুর বড় বাড়ির ঈদগাঁও সংলগ্ন স্থানে ঘাটলা নির্মাণ (টেন্ডার) | ৩,০০,০০০/- |
| | | দক্ষিণ আকালিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পশ্চিম পার্শ্বের বাউন্ডারী ওয়াল নির্মাণ (পিআইসি) | ২,০০,০০০/- |
| | | আজাদ মেম্বার সাহেবের প্রজেক্টের মধ্যে জনস্বার্থে ঘন ঘাটলা নির্মাণ (টেন্ডার) | ২,০০,০০০/- |
| ৪. | কড়িকান্দি | তিতাস নদীর নতুন চর (ছোট চরেরগাঁও) আ: রহমানের বাড়ি হতে সংযোগ সড়ক ও নদীর ঘাটলা নির্মাণ (টেন্ডার) | ৪,০০,০০০/- |
| | | কড়িকান্দি রাজাপুর রোড হতে বন্দরামপুর মুন্সীবাড়ি পর্যন্ত রাস্তা সিসিকরণ (টেন্ডার) | ২,০০,০০০/- |
| | | রাজাপুর স্টেশন হতে দেলোয়ারের বাড়ি পর্যন্ত রাস্তা সিসিকরণ (পিআইসি) | ২,০০,০০০/- |
| | | আলীরগাঁও রাস্তা হতে মো: ছাদেকুর রহমান ভূইয়া এর বাড়ি পর্যন্ত রাস্তা সিসিকরণ (টেন্ডার) | ১,০০,০০০/- |
| ৫. | কলাকান্দি | কলাকান্দি পুরাতন রোড হতে সাবেক আ: রব মেম্বারের বাড়ি পর্যন্ত সলিংসহ সিসিকরণ (পিআইসি) | ২,০০,০০০/- |
| | | মাছিমপুর কেন্দ্রীয় ঈদগাঁও উন্নয়ন (টেন্ডার) | ২,০০,০০০/- |
| | | কলাকান্দি লতিফ সরকারের পুকুর হতে পুর্বহাটির মসজিদ পর্যন্ত রাস্তা সলিংসহ সিসিকরণ (টেন্ডার) | ৩,০০,০০০/- |
| | | কলাকান্দি সিরাজ সরকারের বাড়ির সিসি রাস্তা হতে রব মেম্বারের পুকুর পাড় পর্যন্ত রাস্তা সলিংসহ সিসিকরণ (পিআইসি) | ২,০০,০০০/- |
| ৬. | ভিটিকান্দি | কদমতলী কৃষি জমির জলাবদ্ধতা নিরসনে পাইপ লাইন স্থাপন (পিআইসি) | ২,০০,০০০/- |
| | | হরিপুর রিপন মেম্বারের বাড়ির রাস্তা সিসিকরণ (টেন্ডার) | ২,০০,০০০/- |
| | | মানিককান্দি শফিক চেয়ারম্যান এর বাড়ির পুকুরে ঘাটলা নির্মাণ (টেন্ডার) | ২,০০,০০০/- |
| | | দুলারামপুর বাজারের নিরাপত্তার লক্ষে সিসি ক্যামেরা স্থাপন (টেন্ডার) | ১,০০,০০০/- |
| | | ভিটিকান্দি ইউনিয়ন পরিষদের দারিদ্রোতা বিমোচনের লক্ষে মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ (পিআইসি) | ২,০০,০০০/- |
| ৭. | নারান্দিয়া | আসমানিয়া বাজারে ড্রেন নির্মাণ (টেন্ডার) | ৪,০০,০০০/- |
| | | নারান্দিয়া পূর্বপাড়া চকেরবাড়ি রাস্তা সিসিকরণ (টেন্ডার) | ৩,০০,০০০/- |
| | | নারান্দিয়া ইউনিয়নের অস্থায়ী পরিষদের বিপরীত পার্শ্বে অস্থায়ী খাদ্য গুদাম নির্মাণ (পিআইসি) | ২,০০,০০০/- |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ৮. | জিয়ারকান্দি | শোলাকান্দি জিপিএস থেকে ঈদগাঁও সড়ক উন্নয়ন (অবশিষ্ট অংশ) পিআইসি | ২,০০,০০০/- |
| | | জিয়ারকান্দি হাফিজ উদ্দিন চেয়ারম্যানের বাড়ি হতে মসজিদ পর্যন্ত রাস্তা উন্নয়ন (টেন্ডার) | ৪,০০,০০০/- |
| | | দড়িকান্দি হোসেন ফকিরের বাড়ি থেকে মোল্লা বাড়ি ব্রীজ পর্যন্ত রাস্তা সিসিকরণ (টেন্ডার) | ৩,০০,০০০/- |
| ৯. | মজিদপুর | বাটেরা আলম মিয়ার বাড়ি হতে সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত সলিংসহ সিসিকরণ (টেন্ডার) | ৩,০০,০০০/- |
| | | মজিদপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামে মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ (পিআইসি) | ২,০০,০০০/- |
| | | চান্দ নাগেরচর বাবুল মিয়ার বাড়ি হতে কাশিপুর রাস্তা সলিংসহ সিসিকরণ (টেন্ডার) | ৫,০০,০০০/- |
| ১০ | ভাইস-চেয়ারম্যান | গাজীপুর স্বর্ণেহার সেকা মেম্বারের বাড়ি হতে মাজার বাড়ি পর্যন্ত রাস্তা সিসিকরণ (পিআইসি) | ২,০০,০০০/- |
| | | গাজীপুর বিরামকান্দি রাস্তা হতে গাজীপুর এতিমখানা মসজিদ পর্যন্ত রাস্তা সিসিকরণ (টেন্ডার) | ১,০০,০০০/- |
| | | গাজীপুর দক্ষিনপাড়া নাজিরের বাড়ি হতে আলাউদ্দিনের বাড়ি পর্যন্ত রাস্তা সিসিকরণ (টেন্ডার) | ৩,০০,০০০/- |
| | | উত্তর বলরামপুর সোহেলের বাড়ি হতে জাহাঙ্গীরের বাড়ি পর্যন্ত রাস্তা সিসিকরণ (টেন্ডার) | ১,৫০,০০০/- |
| | | আবু তাহের মিয়ার বাড়ি হতে নয়াকান্দি মাদ্রাসা পর্যন্ত রাস্তা সিসিকরণ (টেন্ডার) | ১,৫০,০০০/- |
| ১১ | মহিলা ভাইস-চেয়ারম্যান | নাগেরচর মধ্যপাড়া কেন্দ্রীয় জামে মসজিদ উন্নয়ন (পিআইসি) | ২,০০,০০০/- |
| | | নাগেরচর সাদির আলী মিয়ার বাড়ি হতে নাগেরচর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাস্তা সিসিকরণ (টেন্ডার) | ২,০০,০০০/- |
| | | উত্তর বলরামপুর দারুছসুন্নাহ এতিমখানা কমপ্লেক্স সংস্কারকরণ (টেন্ডার) | ১,০০,০০০/- |
| | | উত্তর শ্রী নারায়ণকান্দি কেন্দ্রীয় কবরস্থানে বাউন্ডারী ওয়াল নির্মাণ (পিআইসি) | ২,০০,০০০/- |
| | | দক্ষিণ শ্রী নারায়ণকান্দি বায়তুল জান্নাত জামে মসজিদের সামনে ঘাটলা নির্মাণ (টেন্ডার) | ২,০০,০০০/- |

**স্থানীয় সরকার বিভাগের বরাদ্দ ২০২২-২৩ অর্থবছর:**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ, ঢাকা এর ১৩ ডিসেম্বর, ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২২-৮২৭ নম্বর স্মারকে কুমিল্লা জেলার তিতাস উপজেলার নিম্নবর্ণিত ছকে বর্ণিত প্রকল্পগুলোর জন্য বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ মোতাবেক আরএফকিউ এর মাধ্যমে মেরামত করা যেতে পারে।

**(ছক)**

| নং | প্রকল্পের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবন মেরামত | ৫,০০,০০০/- |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত | ৫,০০,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদ গেজেটেড কোয়ার্টারের ভবন মেরামত | ৪,০০,০০০/- |

সিদ্ধান্ত: উক্ত প্রকল্পগুলো ২০২২-২৩ অর্থবছরে আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১০. | **উপজেলা শিক্ষা অফিস:** উপজেলা শিক্ষা কর্মকর্তা জনাব লায়লা পারভীন বানু সভায় জানান যে, সকল বিদ্যালয়ে বই বিতরণ কাজ চলছে। শিক্ষার মান উন্নয়নে কাজ করছি। এছাড়া দাপ্তরিক কাজ চলমান আছে। | শিক্ষান মান খুবই খারাপ। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১১. | **উপজেলা প্রাণীসম্পদ অফিস:** উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা জনাব মো: দেলোয়ার হোসেন সামীর সভায় জানান যে, আমি নবযোগদানকৃত ৪০ তম বিসিএস ক্যাডারের একজন কর্মকর্তা হিসেবে তিতাস উপজেলায় যোগদান করি। আমাকে উক্ত সভায় কথা বলার সুযোগ করে দেয়ার জন্য সকলকে ধন্যবাদ জানাচ্ছি। আমি | নবযোগদানকৃত উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তাকে তিতাস উপজেলা পরিষদের পক্ষ থেকে স্বাগত জানাই। আশা করি আন্তরিকতার সাথে কাজ করে দেশ ও দশের উন্নয়নে কাজ করবেন এবং সরকারি সকল | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | অফিসে যোগদানের পর দেখতে পেলাম অফিসের ভেক্সিনেশন কাজ পিছিয়ে রয়েছে। প্রত্যেকটি ইউনিয়নকে ভেক্সিনেশন কার্যক্রমে আনার জন্য কাজ করছি। সকলের সহযোগিতা কামনা করছি। | অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করবেন। পরবর্তী সভায় আপনার অফিসের দাপ্তরিক কাজ-কর্ম কিভাবে পরিচালনা করছেন তা বিস্তারিতভাবে প্রতিবেদন দাখিল করবেন। | |
| ১২. | <u>চেয়ারম্যান, ভিটিকান্দি ইউপি:</u> ভিটিকান্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, আমি মর্মাহত আমাকে আরেকটি ৭ মাসের মিথ্যা মামলায় হয়রানী করা হচ্ছে। যেই হত্যাকান্ড ঘটেছে তার তিব্র নিন্দা জানাচ্ছি। প্রকৃত অপরাধীকে শাস্তির আওতায় আনা হোক। আমি উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করছি। | ভিটিকান্দি হত্যার বিষয়ে স্থানীয় চেয়ারম্যান হিসেবে আপনার লিখিত বক্তব্য পেয়েছি। প্রকৃত অপরাধীকে অবশ্যই তদন্তক্রমে ব্যাবস্থা নিবেন। আপনি হত্যা মামলায় জড়িত না থাকলে অযথায় হয়রানী না করা হয় সে বিষয়ে উপজেলা পরিষদের পক্ষ থেকে পত্র প্রেরণ করা হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ১৩. | <u>চেয়ারম্যান, নারান্দিয়া ইউপি:</u> নারান্দিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, আমি একটু শারীরিকভাবে অসুস্থ। আমি চিকিৎসার জন্য ঢাকায় যাব। আমি ছুটি প্রার্থনা করছি। | নারান্দিয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে উন্নত চিকিৎসা গ্রহণের জন্য ঢাকায় যাওয়ার অনুমতি প্রদান করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার |
| ১৪. | <u>চেয়ারম্যান, জিয়ারকান্দি ইউপি:</u> জিয়ারকান্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, পাওয়া হাউজের রাস্তার সমাধা হয়েছে। উপজেলা চেয়ারম্যান মহোদয় একদিন এসে উদ্বোধন করে দেয়ার জন্য সভায় অনুরোধ করেন। | উপজেলা নির্বাহী অফিসার জিয়ারকান্দি ইউপি চেয়ারম্যানকে ধন্যবাদ জানান যে, তিনি মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ণ প্রকল্পের কাজগুলো সাহসিকতার সহিত প্রশাসনের সাথে সমন্বয় করে কাজ করছেন। | ইউপি চেয়ারম্যান, জিয়ারকান্দি |
| ১৫. | <u>চেয়ারম্যান, মজিদপুর ইউপি:</u> মজিদপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের Large Water Pipe Line (Overhead Tank) স্থাপনের জন্য ৭/১০ শতাংশ খাস জমি আমার ইউনিয়নে আছে। উক্ত জায়গায় প্রকল্পটি স্থাপন করা যায় কিনা। | মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের Large Water Pipe Line (Overhead Tank) স্থাপনের জন্য ৭/১০ শতাংশ ব্যক্তি মালিকানা জমি প্রয়োজন। সরকারি কোন খাস জমিতে উক্ত প্রকল্প স্থাপন করার কোন নির্দেশনা নাই। তাই আপতত মজিদপুর ইউপি চেয়ারম্যান এর প্রস্তাবটি গ্রহণ করা সম্ভব হয়নি। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৬. | <u>বিবিধ:</u> উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত ব্যয় করা হয় তা পরিষদ কর্তৃক অনুমোদন প্রয়োজন।<br>ক) উপজেলা পরিষদে অস্থায়ীভাবে নিয়োগকৃত মালি জনাব শাহজাহান এর ডিসেম্বর, ২০২২ মাসের দৈনিক ৫৫০/- টাকা হারে ১৪,৩০০/- টাকা ব্যয়।<br>খ) দৈনিক মজুরি বাবদ জনাব শওকত মিয়াকে দৈনিক ৫০০/- টাকা হারে ডিসেম্বর, ২০২২ মাসের ১২,০০০/- টাকা ব্যয়।<br>গ) ডিসেম্বর, ২০২২ মাসের ইন্টারনেট বিল বাবদ ব্যয় ৯৫০/- টাকা।<br>ঘ) ডিসেম্বর, ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভাসহ অন্যান্য সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- টাকা।<br>ঙ) ডিসেম্বর, ২০২২ মাসের উপজেলা পরিষদ সভার নোটিশ ও কার্যবিবরণীসহ অন্যান্য আনুষঙ্গিক ব্যয় ৫,০০০/- টাকা।<br>চ) উপজেলা পরিষদের জানুয়ারি, ২০২৩ মাসের কেন্দ্রিয় মিটারের বিদ্যুৎ বিল বাবদ ব্যয় ৪৬,৩০৪/- টাকা।<br>ঞ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা এর কার্যালয়ের জানুয়ারি, ২০২৩ মাসের বিদ্যুৎ বিল বাবদ ব্যয় -৮৩১/- টাকা। | উক্ত ব্যয়গুলো উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত)
মো: পারভেজ হোসেন সরকার
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ
তিতাস, কুমিল্লা।

স্মারক নম্বর: ০৫.২০.১৯৯৪.০০০.০৬.০০৮.২২-৬৫(৫০)

তারিখ: ০৮ মাঘ, ১৪২৯
২২ জানুয়ারি, ২০২৩

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. জনাব সেলিমা আহমাদ, মাননীয় সংসদ সদস্য, ২৫০ কুমিল্লা-২
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশিনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫. জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৬. উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৭. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা।
০৮. উপজেলা ---------------------------------- অফিসার, তিতাস, কুমিল্লা।
০৯. সহকারী প্রোগ্রামার, তিতাস, কুমিল্লা। [সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ]
১০. চেয়ারম্যান, -------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), তিতাস, কুমিল্লা।

২২.১.২৩

এ.টি.এম. মোর্শেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
তিতাস, কুমিল্লা।
ফোন: ০৩৩৪৪১০০১০
ই-মেইল: unotitas1@gmail.com